



হাদি হত্যার বিচার এই সরকারের আমলেই শেষ হবে: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

জাতীয় নির্বাচন সামনে রেখে সারাদেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতি শক্তিশালী করতে গোয়েন্দা নজরদারি ও পুলিশের কার্যক্রম আরও জোরদার করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি আশ্বাস দেন, শরীফ ওসমান হাদি হত্যাকাণ্ডের বিচার প্রক্রিয়া অন্তর্বর্তী সরকারের মেয়াদেই সম্পন্ন করা হবে।

সোমবার (৫ জানুয়ারি) সচিবালয়ে আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, মামলার তদন্ত প্রায় শেষ পর্যায়ে রয়েছে এবং খুব শিগগিরই অভিযোগপত্র দাখিল করা হবে। এ ঘটনায় এখন পর্যন্ত ১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

তিনি বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে সরকার সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। নির্বাচনী পরিবেশ নষ্ট করার যেকোনো অপচেষ্টা কঠোর হাতে দমন করা হবে। একই সঙ্গে দেশবিরোধী ষড়যন্ত্র ও অপপ্রচার মোকাবিলায় সংশ্লিষ্ট সব সংস্থাকে সজাগ থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব ও বিভ্রান্তি ছড়ানো রোধেও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে উল্লেখ করে তিনি জানান, এ বিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে। চলমান ‘ডেভিল হান্ট-২’ অভিযানে এখন পর্যন্ত ১৪ হাজার ৫৬৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

এ ছাড়া উগ্রবাদী বা ফ্যাসিস্ট প্রবণতার গোষ্ঠী যেন রাজনৈতিক দলগুলোর ভেতরে অনুপ্রবেশ করতে না পারে, সে বিষয়ে দলগুলোর নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানান স্বরাষ্ট্র উপদেষ্টা। তিনি বলেন, গণতান্ত্রিক প্রক্রিয়া রক্ষায় সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।